গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৬.১০.০০০১.২৫ (অংশ)-০৪

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২৬ খ্রি.

**বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত একাডেমিক ক্যালেন্ডার ও সহ-শিক্ষা কার্যক্রম বিষয়ক কর্মশালার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ ৫৭.২৫.০০০০.০০৬.১০.০০০১.২৫ (অংশ)-০১ ০৭ জানুয়ারি, ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাভুক্ত এমপিওভুক্ত মাদ্রাসার সুপার/অধ্যক্ষবৃন্দকে জানানো যাচ্ছে যে, "**একাডেমিক ক্যালেন্ডার (ক্লাস সূচি, পরীক্ষা সূচি), সহ শিক্ষা কার্যক্রম পরিচালনা এবং শিখন ঘাটতি পূরণে কার্যকর পরিকল্পনা**" প্রণয়ন বিষয়ে গত ১৪/০১/২০২৬খ্রি. তারিখে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সভাকক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় আল-হুমাইরা (রাঃ) মহিলা ফাজিল মাদ্রাসার একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনা মডেল হিসেবে উপস্থাপন করা হয় এবং কর্মশালায় উপস্থিত অংশগ্রহণকারীরা সর্বসম্মতিক্রমে উক্ত একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনাটিকে নিজ নিজ মাদ্রাসার একাডেমিক **ক্যালেন্ডার ও সহ-শিক্ষা কার্যক্রম প্রণয়নের মডেল হিসেবে** ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০২। এমতাবস্থায়, আল-হুমাইরা (রাঃ) মহিলা ফাজিল মাদ্রাসার একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনাটির আলোকে নিজ নিজ প্রতিষ্ঠানের একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনা প্রস্তুতপূর্বক তা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ আল-হুমাইরা (রাঃ) মহিলা ফাজিল মাদ্রাসার একাডেমিক ক্যালেন্ডার ও পাঠ পরিকল্পনা

২৬/০১/২৬
মোঃ আবুল কালাম তালুকদার
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

সুপার/অধ্যক্ষ (সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৬.১০.০০০১.২৫ (অংশ)- ০৪

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

১) পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২) জেলা শিক্ষা অফিসার (সকল)
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫) অফিস নথি।

২৬/১/২৬
জি এম শামছুল আলম
উপ-পরিচালক (প্রশিক্ষণ) অঃদাঃ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা